দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক হত্যার সংস্কৃতি বন্ধ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে

## রাবি সমাবেশে নেতৃবৃন্দ

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ডের ১৬তম দিনেও ক্যাম্পাসে মানববন্ধন ও মিছিল করেছে শিক্ষক ও শিক্ষার্থীরা। পূর্ব কর্মসূচীর অংশ হিসেবে রবিবার বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে শিক্ষক সমিতি মানববন্ধন কর্মসূচী পালন করে।

মানববন্ধনে অংশ নিয়ে শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যার ১৫ দিন পেরিয়ে গেলেও সরকারের উর্ধতন কেউ আমাদের সঙ্গে দেখা করতে আসেনি। তিনি ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, আমরা এ হত্যাকাণ্ডের প্রতিবাদে মানববন্ধন, মিছিল, অবস্থান ধর্মঘট পালন করছি, এজন্য কি আমাদের হত্যা করা হবে? আমরা চাই, যারাই এ নৃশংস ও নির্মম হত্যাকাণ্ডের ঘটনা ঘটিয়েছে তাদের দৃষ্টান্তমূলক বিচার। আমাদের একটাই দাবি বিচার চাই।

এ সময় ইতিহাস বিভাগের অধ্যাপক ড. চিত্তরঞ্জন মিশ্র বলেন, শিক্ষক রেজাউল হত্যাকাণ্ডের বিচার না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। রাজশাহী নগরের সকল নাগরিক সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বিত আন্দোলন করা হবে। ছুটির পরে ছাত্র-শিক্ষকদের সঙ্গে নিয়ে '৬৯-এর গণঅভ্যুত্থানের মতো এ ক্যাম্পাসে আবারও আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, এই শিক্ষক হত্যাকাণ্ডের সংস্কৃতি বন্ধ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

শিক্ষক সমিতির যুগ্মসম্পাদক অধ্যাপক ড. ইসমাইল হোসেনের সঞ্চালনায় মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য দেন- শিক্ষক সমিতির সভাপতি ড. শহীদুল্লাহ্, সাধারণ সম্পাদক ড. শাহ্ আজম ও ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের দিলীপ কুমার সরকার। মানববন্ধন থেকে আরও জানানো হয়, পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত মানববন্ধন কর্মসূচী অব্যাহত থাকবে। মানববন্ধন শেষে ইংরেজী বিভাগের শিক্ষক শিক্ষার্থীদের মৌন মিছিল ক্যাম্পাসে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চে গিয়ে সমাবেশ করে।